

২০২৬

বাংলা — এম.ডি.সি.

পত্র : CC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) উচ্চারণস্থান ও উচ্চারণ প্রকৃতি অনুযায়ী 'ক' থেকে 'ম' পর্যন্ত বাংলা স্পর্শ ব্যঞ্জনগুলির পরিচয় দাও। ৭½+৭½
- অথবা
- (খ) বাংলা শব্দভাণ্ডারের তৎসম, তদ্ভব ও অর্ধতৎসম শব্দের উদাহরণসহ বিস্তৃত পরিচয় দাও। ১৫
- ২। (ক) নিচের যে-কোনো তিনটি বিষয় সম্পর্কে আলোচনা করো— ৫+৫+৫
- স্বরাগম, অপিনিহিতি, নাসিক্যীভবন, সমীভবন, জোড়কলম শব্দ।
- অথবা
- (খ) উপভাষা বলতে কী বোঝো? বাংলা ভাষার উপভাষা কয়টি ও কী কী? বঙ্গালী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ নির্দেশ করো। ২+৩+১০
- ৩। (ক) সমাস কাকে বলে? সন্ধি ও সমাসের তিনটি পার্থক্য নির্দেশ করো। দৃষ্টান্তসহ বহুব্রীহি সমাসের পরিচয় দাও। ২+৩+১০
- অথবা
- (খ) প্রত্যয় কত প্রকার ও কী কী? শব্দ গঠনে ধাতু, প্রত্যয় ও উপসর্গের ভূমিকা পর্যালোচনা করো। ৩+১২
- ৪। (ক) টীকা লেখো— বিবৃত ও সংবৃত স্বরধ্বনি। ৫
- অথবা
- (খ) টীকা লেখো— ধ্বনি ও অক্ষরের স্বরূপ এবং সম্পর্ক। ৫
- ৫। (ক) টীকা লেখো— অভিপ্রাতি ৫
- অথবা
- (খ) টীকা লেখো— শব্দার্থের প্রসারণ বা বিস্তার। ৫
- ৬। (ক) দৃষ্টান্তসহ অধিকরণ কারকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

Please Turn Over

(7433)

অথবা

(খ) টীকা লেখো— পুরাঘটিত অতীত।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) একটি যৌগিক স্বরধ্বনির দৃষ্টান্ত দাও।

(খ) বাংলায় উষ্মব্যঞ্জন কী কী?

(গ) 'ইস্কাবন' শব্দটি কোন্ ভাষা থেকে আগত?

(ঘ) একটি মহাপ্রাণ ধ্বনির উদাহরণ দাও।

(ঙ) গামোছা > গাম্ছা— কী জাতীয় ধ্বনি পরিবর্তন?

(চ) ধ্বনির বিপর্যয় বা বিপর্যাসের একটি দৃষ্টান্ত দাও।

(ছ) আদি ও বর্তমান অর্থ নির্দেশ করে 'মৃগ' শব্দটি শব্দার্থ পরিবর্তনের কোন ধারার অন্তর্গত লেখো।

(জ) আটা > আঁটা— এটি কোন্ উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য?

(ঝ) দর্শন— শব্দটির ধাতু ও প্রত্যয় নির্দেশ করো।

(ঞ) 'বেলা যে পড়ে এলো জলকে চল।'— 'জলকে' কোন কারক?

(ট) ত্রিলোক ত্রাস দশানন রামায়ণের এক অনন্য চরিত্র— 'দশানন' পদটির সমাস কী?

(ঠ) প্রথম পুরুষ বাচনে একটি বাক্য গঠন করো।

(ড) শিক্ষার্থীকে শ্রেণিকক্ষে বইখাতা আনতে হবে— 'শিক্ষার্থী' ও 'বই-খাতা' শব্দ দুটির লিঙ্গ নির্ধারণ করো।

(ঢ) মধ্যপদলোপী কর্মধারয় সমাসের একটি দৃষ্টান্ত দাও।

(ণ) বিয়োজক অব্যয় প্রয়োগ করে একটি বাক্য গঠন করো।